



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০ (অংশ-২)-১১৯

তারিখ: ১৪ মাঘ ১৪২৭  
২৮ জানুয়ারি ২০২১

**বিষয়: ৩০ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য পাবনা জেলার সুজানগর পৌরসভা সাধারণ নির্বাচন স্থগিতকরণঃ**

- সূত্র: ১) নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৩ তারিখ- ০২ ডিসেম্বর ২০২০  
২) উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা এর স্মারক নং-০৫.৪৩.৭৬৮৩.০০০.৩৬.০০১.২০-১০৪৭ তারিখ-২২ ডিসেম্বর ২০২০  
৩) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০ (অংশ-২) -৬০৯ তারিখ- ২৯ ডিসেম্বর ২০২০  
৪) উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা এর স্মারক নং-০৫.৪৩.৭৬৮৩.০০০.৩৬.০০২.২০-১৪ তারিখ-০৭ জানুয়ারি ২০২১  
৫) নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-১) -৪৩ তারিখ- ১১ জানুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় আপিল বিভাগ সিপিএলএ নং- ২৪৬৬/২০২০ এ বিগত ০৩ জানুয়ারি ২০২১ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৬৪৪/২০২০ এর বিগত ১৫ ডিসেম্বর ২০২০ তারিখের আদেশকে স্থগিত করলেও মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশটি ১৫ ডিসেম্বর ২০২০ তারিখ হতে ০২ জানুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত বহাল ও বলবৎ ছিল মর্মে প্রতীয়মান হয়। ফলে পরবর্তী আইনগত জটিলতা পরিহারের লক্ষ্যে ০২ ডিসেম্বর ২০২০ তারিখে ঘোষিত তফসিলের সময়সূচিতে ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে নির্বাচন সংক্রান্ত কার্যক্রম যে অবস্থায় ছিল সে অবস্থা থেকে শুরু করার নিমিত্ত বিগত ১১ জানুয়ারি ২০২১ তারিখে ঘোষিত তফসিল বাতিলপূর্বক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিতের জন্য মাননীয় কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক বিধি অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা  
ও  
রিটার্নিং অফিসার, সুজানগর পৌরসভা সাধারণ  
নির্বাচন

(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা  
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৬১০

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০ (অংশ-২)-১১৯

তারিখ: ১৪ মাঘ ১৪২৭  
২৮ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩। জেলা প্রশাসক, পাবনা
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৫। পুলিশ সুপার, পাবনা
- ৬। জেলা নির্বাচন অফিসার, পাবনা
- ৭। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০। উপজেলা নির্বাচন অফিসার, সুজানগর, পাবনা ও সহকারী রিটার্নিং অফিসার
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সুজানগর থানা, পাবনা।

(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

E:\2020-2021\Stay Election\Suzamagar stay.doc

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd